দৈনিক
জনকণ্ঠ

তারিখ 2 1 APR 2008
পৃষ্ঠা ৭ কলাম ৭

# শিবিরের হামলায় বগুড়া আযিযুল হক কলেজে ২ ছাত্রীসহ আহত ৩

াফ রিপোর্টার, বগুড়া অফিস ॥ বগুড়া সরকারী আযিযুল হক কলেজের নতুন ভবনে রবিবার দুপুরে ছাত্র শিবিরের হামলায় ৩ ছাত্রছাত্রী আহত হয়েছে। এরা হলো হাবিবা নাসরিন, রাধারানী বর্মন ও আনোয়ারুল ইসলাম। বিজ্ঞানী আইনস্টাইনের বিজ্ঞান দর্শনের ওপর এক ালোচনা অনুষ্ঠান আয়োজন করায় শিবির াডাররা আয়োজক কমিটির ছাত্রছাত্রীদের পর এ হামলা চালায় বলে অভিযোগ করা হয়েছে। আজ সোমবার ওই আলোচনাসভা হওয়ার কথা।

বিজ্ঞানী আইনস্টাইনের মৃত্যু দিবস উপলক্ষে আযিযুল হক কলেজের বিজ্ঞান নুষদের ছাত্রছাত্রীদের নিয়ে কমিটি গঠিত হয়। 'আইনস্টাইনের পদার্থ বিজ্ঞান জগত ও বিজ্ঞানের দর্শন' শীর্ষক আলোচনা এবং তথ্যচিত্র প্রদর্শনীর উদ্যোগ নেয়া হয়। সে অনুযায়ী পদার্থ বিজ্ঞান বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠানের জন্য কর্তৃপক্ষের অনুমতিও নেয়া হয়। অভিযোগ করা হয়েছে. এ অনষ্ঠানের উদ্যোগ নেয়ার পর

## শ।বরের হামলায় বগুড়া

থম পাতার পর)

থেকে ইসলামী ছাত্র শিবির আয়োজক কমিটির তৃবৃন্দকে হুমকি দিয়ে আসছিল। রবিবার দুপুরে লোচনা অনুষ্ঠানের প্রচারের জন্য আয়োজক কমিটির ত্রছাত্রীরা পদার্থ বিজ্ঞান বিভাগে একত্রিত হলে শিবির াডাররা লাঠিসোটা নিয়ে অতর্কিতে তাদের ওপর হামলা লায় এবং ছাত্রীদের ধাওয়া করে পেটায়। পরে আহতরা দার্থ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধানের অফিসে আশ্রয় য়। এ ব্যাপারে বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ আতাউর হমান শিবির ক্যাডারদের হামলা ও মারপিটে ৩ জন আহত ওয়ার কথা স্বীকার করে বলেন, বিষয়টি অধ্যক্ষকে ানানো হয়েছে।